# আল-গাশিয়া | Al-Ghashiya | ٱلْغَاشِيَة

আয়াতঃ ৮৮ : ১

## আরবি মূল আয়াত:

هَلۡ اَتٰىكَ حَدِيۡثُ الۡغَاشِيَةِ ؕ﴿۱﴾

## অনুবাদসমূহ:

কিয়ামতের সংবাদ কি তোমার কাছে এসেছে? — আল-বায়ান

(সব কিছুকে) আচ্ছন্নকারী কিয়ামাতের খবর তোমার কাছে পৌঁছেছে কি? — তাইসিরুল

তোমার কাছে কি সমাচ্ছন্নকারী সংবাদ পৌঁছেছে? — মুজিবুর রহমান

Has there reached you the report of the Overwhelming [event]? — Sahih International

### ১. আপনার কাছে কি আচ্ছন্নকারীর (কিয়ামতের) সংবাদ এসেছে?

-

তাফসীরে জাকারিয়া

### ১। তোমার কাছে কি সমাচ্ছন্নকারী (কিয়ামতে)র সংবাদ এসেছে? [1]

[1] هَلশব্দটি قَدশব্দের অর্থে ব্যবহার হয়েছে। (অর্থাৎ, অবশ্যই তোমার কাছে সমাচ্ছন্নকারী কিয়ামতের সংবাদ এসেছে।) غَاشِيَة(সমাচ্ছন্নকারী) বলে কিয়ামতকে বোঝানো হয়েছে। এই জন্য যে, তার ভয়াবহতা সারা সৃষ্টিকে সমাচ্ছন্ন করে ফেলবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5968

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন